সংবাদ

তারিখ 25 OCT 20
পৃষ্ঠা ৫ কলাম ৭

নতুন বছরের বিনামূল্যের বই সরবরাহ শুরু

মোস্তফা কামাল, কিশোরগঞ্জ

কিশোরগঞ্জে প্রাইমারি ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের ২০১৪ সালের বিনামূল্যের নতুন বই আনতে ১৫ লাগবে। গতি বছরের ন্যায় আগামী বছরও জানুয়ারির প্রথম দিনই শতভাগ শিক্ষার্থীর হাতে নতুন বই তুলে দেয়া সম্ভব হবে বলে জেলার ভারপ্রাপ্ত প্রাথমিক শিক্ষা কর্মকর্তা গোলাম মাওলা এবং জেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হারুন-অর রশিদ সরকার জানিয়েছেন।

প্রাথমিক শিক্ষা কর্মকর্তা গোলাম মাওলা জানান, জেলার ১৩টি উপজেলাতেই ২৫ থেকে ২৫ ভাগ বই অক্টোবর মাসেই চলে এসেছে। নভেম্বরের মধ্যেই শতভাগ বই চলে আসবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

যেসব প্রকাশনা সংস্থা বই প্রকাশের দায়িত্ব পেয়েছে, তারা সরাসরি উপজেলাগুলোতে বই পৌঁছে দিচ্ছে বলেও তিনি জানান। ২০১৪ সালে কিশোরগঞ্জের ১৩টি উপজেলায় প্রথম থেকে পঞ্চম শ্রেণীর জন্য চাহিদা মোতাবেক সর্বমোট ২৬ লাখ ৪১ হাজার ৮৩৬টি বই বরাদ্দ করা হয়েছে বলে শিক্ষা কর্মকর্তা গোলাম মাওলা জানিয়েছেন। তিনি জানান, অন্যান্য বছর আগের বছরের উদ্বৃত্ত বইও বিতরণ করা হতো। কিন্তু পাঠ্যসূচিতে কিছু পরিবর্তন হওয়ায় এবার সব শ্রেণীর সব বই সম্পূর্ণ নতুন বিতরণ করা হবে।

শিক্ষা কর্মকর্তা আরো জানান, জেলার ১৩টি উপজেলার চাহিদা অনুযায়ী প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত বাংলা, গণিত ও ইংরেজি বইয়ের প্রতিটি ৫ লাখ ৭৩ হাজার ২৬৩টি করে, তৃতীয় থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং প্রাথমিক বিজ্ঞান বইয়ের প্রতিটি ৫ লাখ ৭৩ হাজার ৩৫২টি করে ইসলাম ও নৈতিক শিক্ষা বই ২ লাখ ৮৬ হাজার ৬১৬টি এবং হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা বই ২৫ হাজার ৪৪২টি বরাদ্দ করা হয়েছে। বিভিন্ন বিষয়ে শ্রেণীওয়ারি বরাদ্দের হিসাব থেকে দেখা যায়, প্রথম শ্রেণীর জন্য ৪ লাখ ২২ হাজার ৯৮৫টি, দ্বিতীয় শ্রেণীর জন্য ৩ লাখ ৭৪ হাজার ৭৩৯টি, তৃতীয় শ্রেণীর জন্য ৬ লাখ ৮৯ হাজার ৬২২টি, চতুর্থ শ্রেণীর জন্য ৬ লাখ ৪৮ হাজার ৩৩৬টি এবং পঞ্চম শ্রেণীর জন্য ৫ লাখ ৬ হাজার ১৫৪টি বই বরাদ্দ করা হয়েছে। অর্থাৎ প্রথম থেকে পঞ্চম শ্রেণী পর্যন্ত সর্বমোট ২৬ লাখ ৪১ হাজার ৮৩৬টি বই আগামী ২০১৪ সালের জন্য বরাদ্দ করা হয়েছে।